**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 27-04.2026** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Edit. & Compile : Sudip B.**
**DEO : KB** **NRT : Sudip B.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য প্রচারাভিযান, আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। **#**এই দফায় আগামী ২৯ শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি আসনে ভোটগ্রহণ।

২/ দ্বিতীয় দফার বিধানসভা ভোট অবাধ ও শান্তিপূর্ণ রাখতে একাধিক ব্যবস্থা নিয়েছে নির্বাচন কমিশন। **#**জগদ্দলে বিজেপি নেতৃত্বের ওপর হামলার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে।

৩/ দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের মাঝেরহাট এলাকায় বোমা উদ্ধারের ঘটনায় NIA তদন্তের নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।

৪/ দেশের নাগরিকদের স্বতঃস্ফূর্তভাবে জনগণনায় অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫/ কলকাতা সহ বিভিন্ন জেলায় আজ বিকেলের পর থেকে, তাপমাত্রা কিছুটা কমতে শুরু করবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

*************************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য প্রচারাভিযান, আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। এই দফায় আগামী ২৯ শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি আসনে ভোট নেওয়া হবে।

দ্বিতীয় দফায় রাজ্যের মোট বুথের সংখ্যা- ৪১ হাজার একটি। এর মধ্যে প্রধান বুথ- ৩৯ হাজার ৩০১ টি। সহায়ক বুথ প্রায় ১৭ শ'।

এদিকে, সুপ্রিম কোর্টের রায়ে ট্রাইবুনালে নিষ্পত্তির পর যোগ্য ভোটারদের নামের তালিকা, আজ'ই প্রকাশিত হওয়ার কথা।

***************************

দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের আগে আইনশৃঙ্খলা রক্ষায় নজরদারি বাড়াতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কোনো বিস্ফোরক উদ্ধার বা কোনো ভোটারকে হুমকি দেওয়া হলে ২৪ ঘন্টার মধ্যে পদক্ষেপ করতে বলা হয়েছে। এর অন্যথা হলে সংশ্লিষ্ট থানার ওসি বা আই সি-র বিরুদ্ধে পদক্ষেপ নেবে কমিশন। ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশন গতকাল আলিপুরে ধনধান্য অডিটোরিয়ামে কলকাতা ও দক্ষিণ ২৪ পরগনার প্রশাসনিক কর্তাদের সঙ্গে সমন্বয় বৈঠক করে। বৈঠকে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীকে আসন ভিত্তিক দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়। শুধু বুথে নয়, সেখানে পৌঁছনোর রাস্তাতেও নজরদারি বাড়াতে বলা হয়েছে।

কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ জানিয়েছেন, অবাধ, স্বচ্ছ এবং হিংসামুক্ত নির্বাচন সুনিশ্চিত করতে যাবতীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

ভোটাররা যাতে সম্পূর্ণ নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, সে জন্য উপযুক্ত ব্যবস্থা কমিশন নিয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল জানিয়েছেন- ( বাইট- মনোজ আগরওয়াল )

***************************

রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফার ভোট গ্রহণ পর্বে পূর্ব বর্ধমানে ১৬ টি বিধানসভা কেন্দ্রে মোট ৬১১ টি ভোটগ্রহণ কেন্দ্র মহিলা পরিচালিত।

খন্ডঘোষ, বর্ধমান দক্ষিণ, রায়না, জামালপুর, মন্তেশ্বর, কালনা, মেমারি, বর্ধমান উত্তর, ভাতার, পূর্বস্থলী দক্ষিণ, পূর্বস্থলী উত্তর, কাটোয়া, কেতুগ্রাম, মঙ্গলকোট, আউসগ্রাম,

গলসি এই বিধানসভা কেন্দ্র গুলিতে ওই সংখ্যক মহিলা পরিচালিত ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী দপ্তর সূত্রের খবর।

এছাড়া ওই বিধানসভা কেন্দ্র গুলিতে মোট ৪৭ টি ভোট গ্রহণ কেন্দ্র, এবং বর্ধমান দক্ষিণ কেন্দ্রে একটিমাত্র PwD পোলিং স্টেশন রয়েছে বলে মুখ্য নির্বাচনী দপ্তরের তরফে জানানো হয়েছে।

***************************

দ্বিতীয় দফার নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেস ও বিজেপির কর্মী সমর্থকদের মধ্যে সংঘর্ষে উত্তর ২৪ পরগনার জগদ্দলে তীব্র উত্তেজনা ছড়িয়েছে।

এই ঘটনায় গুলিবিদ্ধ হয়েছেন, ভাটপাড়ার বিজেপি প্রার্থী পবন কুমার সিং-এর দেহরক্ষী। যোগেশ শর্মা নামে ওই CISF জওয়ানকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, গত সন্ধ্যায় স্থানীয় একটি গন্ডোগোলের পর বিজেপি নেতা অর্জুন সিং এবং বিজেপি প্রার্থী রাজেশ কুমার, জগদ্দল থানায় অভিযোগ জানাতে যান। সে সময়ে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা তাঁদের ওপর হামলা চালায় বলে অভিযোগ। দু’পক্ষের কর্মী সমর্থকদের মধ্যে ফের সংঘর্ষ শুরু হয়। চলে ইঁট বৃষ্টি। পরিস্থিতি সামাল দিতে পুলিশকে লাঠিচার্জ করতে হয় বলেও জানা গেছে। পবন সিং-এর বাড়ি লক্ষ্য করেও চলে হামলা।

এই ঘটনায় জগদ্দলের প্রার্থী রাজেশ কুমার অভিযোগ করেন যে, মুখ্যমন্ত্রীর উস্কানি দেওয়ার ফলেই তাঁর ওপর এই হামলা।

( বাইট- রাজেশ কুমার )

ঘটনার পরই বিরাট পুলিশ বাহিনী এলাকায় মোতায়েন করা হয়েছে।

***************************

প্রচারের শেষ দিনে আজ সবক’টি রাজনৈতিক দলই শেষ মুহূর্তের জনসংযোগ সারতে উদ্যোগী হয়েছে।

বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আজ ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের কাঁকিনাড়ায় একটি জনসভায় অংশ নেবেন। বেলা ১২ টা নাগাদ এই সভা হওয়ার কথা।

গতকাল শ্রী মোদী বনগাঁর ঠাকুরনগরে এক জনসভায়, অনুপ্রবেশ এবং সিন্ডিকেট ইস্যুতে তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করেন। মতুয়াদের নাগরিকত্ব নিয়ে দুশ্চিন্তার কোণ কারণ নেই বলেও তিনি আশ্বাস দিয়েছেন।

( বাইট- মোদী/মতুয়া )

এরপর হুগলীর হরিপালে জনসভা এবং উত্তর কলকাতায় রোড শো করেন তিনি।

অপর বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ, আজ বেহালা পশ্চিম বিধানসভার বেহালা থানা থেকে ম্যানটন পর্যন্ত রোড শো এবং হুগলীর চন্দননগরেও, রোড শোতে অংশ নেবেন। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আজ বাগুইয়াটির ৪৪ বাসস্ট্যান্ডে একটি জনসভায় বক্তব্য রাখবেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, আজ ভবানীপুর বিধানসভা কেন্দ্রে পদযাত্রায় অংশ নেবেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর আজ একাধিক কর্মসূচী রয়েছে।

দুপুরে যাদবপুর ও টালিগঞ্জ কেন্দ্রে দলীয় প্রার্থীদের সমর্থনে, যাদবপুরের সুকান্ত সেতু থেকে পদযাত্রা করবেন তিনি। পরে নিজের কেন্দ্র ভবানীপুরে জনসংযোগ কর্মসূচী রয়েছে তাঁর। গতকাল ভবানীপুরের চক্রবেড়িয়ায় একটি রোড শো-এর পর পথসভায় তিনি বলেন, পশ্চিমবঙ্গে জয় পেতে EVM খারাপ করে দেওয়ার চেষ্টা হতে পারে।

( বাইট- মমতা/ EVM )

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যপাধ্যায়, রাণাঘাট, হুগলী, আরামবাগ এবং মহেশতলায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার করবেন।

CPIM–এর প্রার্থীর সমর্থনে আজ দুপুরে বিবি বাজার মোড় থেকে একটি পদযাত্রার আয়োজন করা হয়েছে। দলের নেতা সৃজন ভট্টাচার্য এতে অংশ নেবেন। CPIM–এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম গতকাল উত্তর ২৪ পরগনার পানিহাটি ও খড়দা কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করেন। উপস্থিত ছিলেন প্রাক্তন পলিটব্যুরোর সদস্য বৃন্দা কারাত।

কংগ্রেস নেতারাও নিজ নিজ কেন্দ্রে প্রচারে অংশ নিচ্ছেন। বরিষ্ঠ কংগ্রেস নেতা অধীর চৌধুরী গতকাল ভবানীপুরে দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার চালান।

**************************

রাজ্যের বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি এবং দুর্নিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন প্রবীণ কংগ্রেস নেতা, রাজস্থানের প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক গেহলট। কলকাতা প্রেস ক্লাবে গতকাল এক সাংবাদিক বৈঠকে শ্রী গেহলট বলেন, বৈধ নথি থাকা সত্ত্বেও বহু ভোটারের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়েছে। মহিলা সংরক্ষণ নিয়ে কেন্দ্রের সরকারের সমালোচনা করে তিনি বলেন, বিষয়টি নিয়ে বিরোধী দলগুলির সঙ্গে সেভাবে আলোচনা করা হয়নি।

****************************

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের মাঝেরহাট এলাকায় পরিত্যক্ত বাড়ি থেকে বোমা উদ্ধারের ঘটনায় এনআইএ তদন্তের নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।

গত শনিবার কলকাতা পুলিশের একটি দল উত্তর কাশীপুর থানা এলাকার মাঝেরহাটের পইলেপাড়া গ্রামে একটি পরিত্যক্ত বাড়িতে হানা দেয়। সেখান থেকে ৭৯টি বোমা উদ্ধার হয়। মেলে বোমা তৈরির নানা সরঞ্জাম। স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, প্রাথমিক মূল্যায়নে এই ঘটনাকে ‘পরিকল্পিত অপরাধ’ হিসেবে চিহ্নিত করা হয়েছে। ঘটনার গুরুত্ব, জাতীয় নিরাপত্তার সম্ভাব্য প্রভাব এবং বৃহত্তর চক্রের সন্ধান পাওয়ার প্রয়োজনীয়তা বিবেচনা করেই, NIA-কে তদন্তভার দেওয়া হয়েছে। তারা অবিলম্বে এই মামলার তদন্ত শুরু করবে।

এদিকে, ভাঙড়ের চালতাবেড়িয়ার পশ্চিম বামুনিয়া গ্রামে বোমা বাঁধতে গিয়ে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় NIA, মূল অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। গত ১৮’ই মার্চ তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতি মসিউর কাজী, বোমা বাঁধতে গিয়ে আহত হন। ঘটনাস্থল থেকে ২৪ কিলোমিটার দূরে তাঁর দেহ উদ্ধার হয়।

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০২৭ সালের জনগণনাকে ডিজিটাল করা হয়েছে এবং সমস্ত তথ্য অনলাইনে নথিভুক্ত হচ্ছে।

( বাইট- সেনসাস )

আকাশবাণীতে গতকাল 'মন কি বাতে' ১৩৩ তম পর্বে তিনি স্বতঃস্ফূর্তভাবে জনগণনায় অংশগ্রহণের জন্য দেশের নাগরিকদের প্রতি আহ্বান জানান।

***************************

আজ বিকেলের পর থেকে বিভিন্ন জেলায় তাপমাত্রা কিছুটা কমতে শুরু করবে বলে জানিয়েছে, আলিপুর আবহাওয়া দপ্তর। আবহাওয়া বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, মেঘলা আকাশ ও বৃষ্টির কারণে তাপমাত্রা আগামী কয়েক দিনে তা' তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত কমার সম্ভাবনা।

আজ বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরে শিলাবৃষ্টি হতে পারে। রাজ্যের সর্বত্র বৃষ্টির পরিমাণ বাড়বে। সেই কারণে আগামী চার-পাঁচ দিন মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

**********************************************************************